# সমগ্র কমপিউটার খাত পড়শীর গ্রাসে যাবে? আমরা আর কত দিন অবুঝ থাকবো ?

বাংলাদেশের হার্ডওয়্যার ও সফটওয়্যারের প্রায় শতকরা ১০০ ভাগ বাজার হাত করার জন্য পার্শ্ববর্তী দেশের ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এদেশে বিশদভাবে অনুসন্ধান ও জরীপ চালাচ্ছেন। ইলেকট্রনিক্স পণ্যের মত কমপিউটার, পেরিফেরিয়ালস ও সফটওয়্যারের ক্ষেত্রে বাংলাদেশের দিকে প্রতিবেশী দেশের পণ্য ও লোকবলের উল্টো স্রোত এক বছরের মধ্যে শুরু হয়ে যাবে বলে এ খাতের শিল্প উদ্যোক্তা, বণিক ও পেশাজীবীরা শঙ্কিত। এ পরিস্থিতিটা সৃষ্টি হয়েছে, বিগত সরকারগুলোর 'আমরা প্রযুক্তি বিষয়ক এসব জটিল বিষয় বুঝি না' বলে সরে দায়িত্ব এড়ানোর পরিণামে। পেঁয়াজ, মরিচ, মাছ, ডিম, জুতা, বল্টু, গাড়ীসহ শিল্প, কৃষি হতে কমপিউটার পর্যন্ত সবই যদি পাশের দেশগুলোর হাতে চলে যায়, তাহলে এ দেশের মানুষ কী করে বাঁচবে, আর এদেশটির ভবিষ্যতই বা কী হবে এ প্রশ্ন নিয়ে আমরা সমগ্র জাতির সামনে হাজির হচ্ছি।

জাতিকে এ পরাজয় ও বিপর্যয়ের সামনে যারা এগিয়ে দিচ্ছেন, তারা আমাদের সরকারের, নীতিনির্ধারক, পেশাজীবী ও বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের মত লটবহরগুলো। আর এই বাণিজ্য ও বাজার আগ্রাসনের থাবায় পাইকারীভাবে নিশ্চিহ্ন হবার মত অবস্থায় উপনীত হয়েছে বিগত ৫/৬ বছরের প্রাণান্ত সংগ্রামে গড়ে ওঠা এদেশের বেসরকারী কমপিউটার প্রতিষ্ঠানসমূহ।

কমপিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যারে ভারত যখন লক্ষ লক্ষ উচ্চদক্ষতার পেশাজীবী সৃষ্টি করেছে, তখন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ২০০০ সালের মধ্যে এদেশে কমপক্ষে ১৬ হাজার দক্ষ কমপিউটার পেশাজীবী তৈরির চাহিদা উচ্চকিত করেছিলেন কমপিউটার জগৎ-এ। শতাব্দীর শেষ বছর ঘনিয়ে এসেছে। কিন্তু ১৬০০ দক্ষ পেশাজীবীও এ পর্যন্ত তৈরি হয়নি। এক্ষেত্রে কমপিউটার সোসাইটিও সরকারকে সতর্ক করেনি। কমপিউটার কাউন্সিল দিন কাটিয়েছে আরাম-আয়েশে, কখনো কখনো কমপিউটারের বিপক্ষে কথা বলে। কমপিউটার শিক্ষা, ডাটাএন্ট্রি ও সফটওয়্যার নিয়ে বিগত সংসদগুলোতে প্রশ্ন উঠলে বলা হয়েছে, 'এসব টেকনিক্যাল বিষয়ে আলোচনা করা সম্ভব নয়'। অথচ ডাটাএন্ট্রি ও সফটওয়্যার শিল্প নিয়ে ভারতীয় সংসদে আলোচনা হয়েছে দীর্ঘ সময় (কমপিউটার জগৎ আয়োজিত '৯২ সালে প্রথম সাংবাদিক সম্মেলনের পর পরই)। নেপাল, শ্রীলঙ্কা, ভারতের নীতিনির্ধারকরা যদি এসব সাধারণ টেকনিক্যাল ব্যাপার বোঝেন তাহলে আমাদের জাতীয় স্বার্থ ও আত্মনির্ভরশীলতার জন্য তা অবশ্যই বুঝতে হবে বলে মনে করি।

নেপাল থেকে সফটওয়্যার আসছে। ভারতীয়রা এখানে অফিস খুলতে জরীপ চালাচ্ছে নীরবে। ভারতীয় হার্ডওয়্যার আসতে শুরু করেছে। বিশ্বের সেরা কোম্পানিগুলোর পিসির অনেক কিছুই তৈরি হচ্ছে ভারতে। এসব ব্যবহার করে ভারতীয় কমপিউটার তৈরি হয়ে স্রোতের মত এলে আমরা বানের মত ভেসে যাবো সাগরে। এসবের উপর শুল্ক হ্রাস করে ভারত প্রস্তুতি নিচ্ছে গত এপ্রিল থেকে। বাংলাদেশের বাজারে ঘাঁটাঘাটি চলছে আজ ৯ মাস যাবৎ। কিন্তু বিগত দুটো সরকারের কেউ কানের মাছিটিও নাড়েননি। চেম্বার ফেডারেশন বা চেম্বারে কোন উচ্চবাচ্য হয়নি। পেশাজীবী-বুদ্ধিজীবী-সমিতিগুলো রয়েছে নীরব।

বাংলাদেশের বেসরকারী খাত ও উদ্যোক্তা শ্রেণী ধ্বংস হয়ে গেলে জনগণ অবশিষ্ট থাকে না। সম্ভবতঃ এভাবেই বাংলাদেশের জনগণ আরেক অস্তিত্ব রক্ষার প্রমত্ত সংগ্রামের দিকে ধাবিত হচ্ছে। কমপিউটার, তথ্যপ্রযুক্তি, টেলি-কমিউনিকেশন এ জাতির ভবিষ্যতের দীপ জ্বালিয়েছিল। এ দীপ নিভিয়ে দিলে ঘনঘোর অমানিশার অন্ধকারে তলিয়ে যাবে দেশের তরুণ প্রজন্ম। এ রকম অমানিশায় নূরুলদীন, তিতুমীর, বঙ্গবন্ধুর আওয়াজ শুনেছিল মুক্তিকামী জনগণ। কিন্তু আজ আর তেমন আওয়াজ শোনানোর মত কাউকে পাওয়া যাচ্ছে না। তাই বর্তমান গণতান্ত্রিক সরকার ও সরকারী প্রতিষ্ঠানগুলোর নিদ্রাভঙ্গ হওয়া দরকার। তা না হলে, আমাদের ভবিষ্যত আবার সেদিকে গড়াতে পারে। কারণ অস্তিত্বের সংগ্রামই এ জাতির অগ্রযাত্রার শেষ রক্ষাকবচ।

## বিশেষ ঘোষণা

**সফটওয়্যার মেলা ও ডঃ মফিজ চৌধুরী স্মৃতি কমপিউটার কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান**

আর কিছু দিনের মধ্যেই মাসিক কমপিউটার জগৎ-এর উদ্যোগে বাংলাদেশের সর্বপ্রথম সফটওয়্যার মেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে। দেশে ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিকভাবে উদ্ভাবিত এবং বিদেশী নানা ধরনের সফটওয়্যারের এক আকর্ষণীয় সমাহার ঘটবে এ মেলায়। মেলার দিন ডঃ মফিজ চৌধুরী স্মৃতি কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন — ফোন : ৮৬৬৭৪৬, ৫০৫৪১২

উপদেষ্টা
ডঃ আমিনুর রেজা চৌধুরী
ডঃ মুহাম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল
সম্পাদনা উপদেষ্টা
মোঃ আবদুল কাদের
সম্পাদক
এস,এ,বি,এম, বদরুদ্দোজা
নির্বাহী সম্পাদক
ডঃ আব্দুস সাত্তার সৈয়দ
সহযোগী সম্পাদক
মুঃ তারেকুল মোমেন চৌধুরী
সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন
সম্পাদনা সহযোগী
□ শেখ এ. শাহীদ □ আহমেদ হাসান
□ আসিফ রাজ □ এইচ এস ফিরোজ
□ জহিরুল করিম □ সমর রঞ্জন মিত্র
□ সিরাজুল ইসলাম □ জান্নাতুল ফেরদৌস
□ মাহতাব হোসেন □ শম্পা মাহমুদ
□ দিল আফরোজ □ আঃ ওয়াজেদ তমাল
বিদেশ প্রতিনিধি
তানজীর আহমেদ লেলিন — আমেরিকা
জামাল উদ্দীন মাহমুদ — আমেরিকা
ডঃ খান মনজুর-এ-খোদা — কানাডা
ডঃ এস মাহমুদ — বৃটেন
নির্মল চন্দ্র চৌধুরী — অস্ট্রেলিয়া
এ.এস,এম, আশরাফুল হক — চীন
হারুনুর রশিদ — জাপান
আবুল কাশেম মিয়া — জাপান
এস. ব্যানার্জী — ভারত
আঃ ফঃ মোঃ শামসুজ্জোহা — সিংগাপুর
মোঃ জাহিদুর রহমান — মালয়েশিয়া
এম. এম. আমান — সুইডেন
মোঃ হাবিবুর রহমান — হল্যান্ড
নাছির উদ্দিন পারভেজ — মধ্যপ্রাচ্য
প্রচ্ছদ : এম. এ. হক অনু
কমপিউটার কম্পোজ :
কমপিউটারলাইন
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
ফোন : ৮৬৬৭৪৬, ৫০৫৪১২, ৮৬৩২৫৫ ফ্যাক্স : ৮৬২১৯২
মুদ্রণে : ক্যাপিটাল প্রিন্টিং এন্ড প্যাকেজেস লিঃ
৫০-৫১, বেগম বাজার, ঢাকা।
বিজ্ঞাপন ব্যবস্থাপক
এম. এ. হক অনু
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক
শিরীন আখতার
উৎপাদন ও বিতরণ ব্যবস্থাপক
ফারজানা হামিদ
প্রকাশক : নাজমা কাদের
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
ফোন : ৮৬৬৭৪৬, ৫০৫৪১২, ফ্যাক্স : ৮৬২১৯২
ই-মেইল : comjagat@citechco.net
অথবা computer_jagat@bdnet.net
কমপিউটার জগৎ বিবিএস ৮৬০৪৪৫, ৮৬৩৫২২

Editor : S.A.B.M. Badruddoja
Executive Editor :
Dr. Abdus Sattar Syed
Associate Editor :
Md. Tarequl Momen Chowdhury
Special Correspondent :
* Kamal Arsalan * Mokammel Hossain
Published by : Nazma Kader
146/1, Azimpur Road, Dhaka-1205.
Tel. : 866746, 505412,
Fax : 88-02- 862192
E-mail : comjagat@citechco.net

লেখক সম্পাদক : □ মোঃ হাসান শহীদ □ সাদেকুল আজিজ □ এহসান মাসুদ □ ইকো অজহর □ শামীম আখতার তুষার